# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪

( ২০০৪ সনের ৬ নং আইন )

**তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সুষ্ঠু ব্যবস্থাপনা ও দক্ষ পরিচালনা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি সৃষ্টিসহ গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠার জন্য বিধানকল্পে প্রণীত আইন।**

যেহেতু দেশের তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সুষ্ঠু ব্যবস্থাপনা ও দক্ষ পরিচালনা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি সৃষ্টিসহ গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠার জন্য বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যেই তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা কার্যকর হইবে।

* এস, আর, ও নং ১৩৩-আইন/২০০৪, ১৭ মে, ২০০৪ খ্রিস্টাব্দ উক্ত আইন কার্যকর হইয়াছে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) “ইন্সটিটিউট” অর্থ এই আইনের অধীন গঠিত বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;

(খ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(গ) “পেট্রোবাংলা” অর্থ The Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (Ord. XXI of 1985) এর অধীন গঠিত বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন;

(ঘ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঙ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) “বোর্ড” অর্থ ইন্সটিটিউটের গভর্নিং বোর্ড;

(ছ) “মহাপরিচালক” অর্থ ইন্সটিটিউটের মহাপরিচালক; এবং

(জ) “সদস্য” অর্থ বোর্ডের সদস্য।

**ইন্সটিটিউট প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হওয়ার পর, যথাশীঘ্র সম্ভব, এই আইনের বিধান অনুসারে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট” নামে একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হইবে।

(২) ইন্সটিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**ইন্সটিটিউটের কার্যালয়**

৪। (১) ইন্সটিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) বোর্ডের অনুমোদন সাপেক্ষে দেশের যে কোন অঞ্চলে উহার শাখা বা ক্যাম্পাস স্থাপন করা যাইবে।

**ইন্সটিটিউটের কার্যাবলী**

৫। ইন্সটিটিউটের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তাকে উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকাণ্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকাণ্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) গবেষণা এবং কন্সালটেন্সীর মাধ্যমে বিদ্যুত্, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনসহ তৈল, গ্যাস ও খনিজ খাতে নিয়োজিত সরকারী সংস্থাকে সহায়তা প্রদান করা;

(গ) তৈল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদ্‌সংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(ঘ) একই ধরণের কর্মকাণ্ডে নিয়োজিত বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারী, বেসরকারী সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং

ইন্সটিটিউটের কর্মকাণ্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা;

(ঙ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তৈল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউটকে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(চ) ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কোর্স ডিজাইন, কারিকুলাম ও সিলেবাস প্রণয়ন করা;

(ছ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন ও তথ্য প্রকাশ এবং বিক্রয় করা;

(জ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও পরিচালিত যাবতীয় কর্মকাণ্ডের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে "ফি" গ্রহণ করা;

(ঝ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরী ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা; এবং

(ঞ) প্রাতিষ্ঠানিক উত্কর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

**ইন্সটিটিউটের পরিচালনা**

৬। ইন্সটিটিউটের পরিচালনা ও উহার প্রশাসন একটি গভর্নিং বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ইন্সটিটিউট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে গভর্নিং বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্যসম্পাদন করিতে পারিবে।

**গভর্নিং বোর্ড**

৭। নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে গভর্নিং বোর্ড গঠিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের সচিব | - | চেয়ারম্যান |
| | | |
| (খ) পেট্রোবাংলার চেয়ারম্যান | - | সদস্য |
| | | |
| (গ) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান | - | সদস্য |
| | | |
| (ঘ) বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মহা-পরিচালক | - | সদস্য |

| | | |
|---|---|---|
| | | |
| (ঙ) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের একজন যুগ্ম-সচিব | - | সদস্য |
| | | |
| (চ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিব | - | সদস্য |
| | | |
| (ছ) সরকার কর্তৃক মনোনীত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর একজন অধ্যাপক | - | সদস্য |
| | | |
| (জ) সরকার কর্তৃক মনোনীত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের একজন অধ্যাপক | - | সদস্য |
| | | |
| (ঝ) বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য |
| | | |
| (ঞ) ইন্সটিটিউট এর মহাপরিচালক | - | সদস্য-সচিব। |

**বোর্ডের দায়িত্ব ও ক্ষমতা**

৮। (১) বোর্ডের নিম্নরূপ দায়িত্ব ও ক্ষমতা থাকিবে, যথা:-

(ক) এই আইন ও বিধি অনুযায়ী ইন্সটিটিউটের সার্বিক কর্মকাণ্ড পরিচালনা;

(খ) ইন্সটিটিউটের প্রশাসন এবং কার্যধারা পরিচালনা সংক্রান্ত প্রবিধান প্রণয়ন;

(গ) ইন্সটিটিউটের হিসাব নিরীক্ষার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগ;

(ঘ) ইন্সটিটিউটের অর্গানোগ্রাম অনুমোদন ও নিয়োগ বিধি অনুযায়ী স্থায়ী, অস্থায়ী বা খণ্ডকালীন জনবল নিয়োগ;

(ঙ) ইন্সটিটিউটের বাজেট অনুমোদন;

(চ) ইন্সটিটিউটে কর্মরত পেশাজীবী ও কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ; এবং